বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP)

ফেব্রুয়ারি’ 201৭

বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর
সেগুনবাগিচা, ঢাকা।

রাজস্ব লক্ষ্যমাত্রা ও আদায় :

- ২০১৬-১৭ অর্থবছরের মোট লক্ষ্যমাত্রা ৪০,৬৩২.৮৯ কোটি টাকা যা 201৫-1৬ অর্থবছরের মোট আদায় ৩০,৪১৭.২১ কোটি এর তুলনায় ১০,২১৫.৬৮ কোটি টাকা বা ৩৩.৬৮% বেশী।
- ফেব্রুয়ারি’ 201৭ মাস পর্যন্ত রাজস্ব লক্ষ্যমাত্রা 25660.73 কোটি টাকা এবং রাজস্ব আদায় হয়েছে 22936.11 কোটি টাকা। গত বছরের তুলনায় ফেব্রুয়ারি, 1৭ মাস পর্যন্ত বেশী আদায় হয়েছে 3606.72 কোটি বা ১৮.৬৬% বেশী। যা মোট লক্ষ্যমাত্রার ৫৬.৪৫ %।
- লক্ষ্যমাত্রার তুলনায় কম আদায় হয়েছে -2724.62 কোটি টাকা (-১০.৬২%)।
- সিগারেট, গ্যাস ও মোবাইল ফোন খাতে ফেব্রুয়ারি, ১৭ পর্যন্ত লক্ষ্যমাত্রার তুলনায় আদায় হয়েছে যথাক্রমে (-)772.27 কোটি, (-)233.51 কোটি ও (-)866.78 কোটি টাকা।

বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP)

BIP এর কৌশলগত লক্ষ্য	BIP তে উল্লিখিত কার্যক্রম/ কর্ম	বাস্তবায়নের সময়কাল	গৃহীত কার্যক্রম ও ফলাফল (ফেব্রুয়ারি'1৭ পর্যন্ত)
১. মূসক অব্যাহতি প্রত্যাহার করা হয়েছে এমন সেবা বা পণ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের তালিকা তৈরি ও রাজস্ব আদায়।	বৈদ্যুতিক জেনারেটর, হার্ডবোর্ড, চপ্পল, পাদুকা, ট্রাভেল এজেন্সি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুত পূর্বক যথাযথ রাজস্ব আদায় নিশ্চিত করে মাস ভিত্তিক রাজস্ব তথ্য জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করতে হবে।	পরবর্তী মাসের ২০ তারিখ	এ বিষয়ে প্রতি মাসে পর্যালোচনাসহ জাতীয় রাজস্ব বোর্ডে তথ্য প্রেরণ করা হয়।
৪. ট্যারিফ মূল্যভিত্তিক পণ্যের রাজস্ব আদায় বিবরণী	বাজেটে যে সকল পণ্যের ট্যারিফ মূল্য বৃদ্ধি করা হয়েছে সে সকল পণ্যের ক্ষেত্রে (প্রতিষ্ঠানওয়ারী, পণ্যভিত্তিক) জুন মাসে কি পরিমাণে রাজস্ব আদায় হয়েছে তার বিবরণী	25/07/2016	০৭/০৮/২০১৬ খ্রি: তারিখে ট্যারিফ পণ্য/সেবার রাজস্ব আদায়ের তুলনামূলক বিবরণীর তথ্য জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করা হয়েছে। ফেব্রুয়ারি/১৭ পর্যন্ত বিভাগ-১ এ পেপার খাতে ৩.৭২ কোটি টাকা, বিভাগ-৪ এ সি আর কয়েল খাত ০.৫৮ কোটি টাকা ও বিভাগ-৩ এ বিস্কুট খাতে ২.৬৭ কোটি টাকা বেশী রাজস্ব আদায় হয়েছে।
৭.বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত স্থান ও স্থাপনার মূসক	বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত স্থান ও স্থাপনার মূসক ৯% হতে 15% নির্ধারণ করায় এ খাত থেকে অতিরিক্ত রাজস্ব আদায়ের মাসভিত্তিক তথ্য বোর্ডে প্রেরণ।	পরবর্তী মাসের ২০ তারিখ	২০১৫-১৬ অর্থবছরের ফেব্রুয়ারি'১৬ মাস পর্যন্ত এ খাতে রাজস্ব আদায় হয়েছিল ৩৯.৯৭ কোটি টাকা এবং ২০১৬-১৭ অর্থ বছরের ফেব্রুয়ারি মাস পর্যন্ত আদায় হয়েছে ৭৮.৫৯ কোটি টাকা। যা বিগত বছর থেকে ৩৮.৬২ কোটি বা ৯৬.৬২% প্রবৃদ্ধি অর্জন করেছে। এ বিষয়ে প্রতি মাসে পর্যালোচনাসহ জাতীয় রাজস্ব বোর্ডে তথ্য প্রেরণ করা হয়।
৮. বিড়ি ও সিগারেট খাতের রাজস্ব	বিড়ি ও সিগারেট খাতে আদায়কৃত রাজস্বের বিবরণী (প্রতিষ্ঠানের নাম, ব্রান্ডের নাম, বিক্রিত শলাকার সংখ্যা ও রাজস্ব)	পরবর্তী মাসের ২০ তারিখ	সিগারেট খাতে আদায়কৃত রাজস্ব তথ্যের বিবরণী জাতীয় রাজস্ব বোর্ডে নিয়মিত প্রেরণ করা হচ্ছে। এ খাতে ফেব্রুয়ারি, ১৬ পর্যন্ত এর তুলনায় ফেব্রুয়ারি,1৭ পর্যন্ত ১৫৩০.৩০ কোটি বা ১৭.১০% রাজস্ব বেশী আদায় হয়েছে।

বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP)

চলমান-3

BIP এর কৌশলগত লক্ষ্য	BIP তে উল্লিখিত কার্যক্রম	বাস্তবায়নের সময়কাল	গৃহীত কার্যক্রম ও ফলাফল (ফেব্রুয়ারি'1৭ পর্যন্ত)
৯. মোবাইল সেবা খাতের রাজস্ব	মোবাইল সেবার ক্ষেত্রে সিম/রিম ব্যবহারের মাধ্যমে প্রদত্ত সেবার বিপরীতে সম্পূরক শুল্ক 3% হতে 5% বৃদ্ধি পাওয়ায় আদায়কৃত সম্পূরক শুল্কের তথ্য (মাসভিত্তিক, প্রতিষ্ঠান ওয়ারী) তথ্য জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ।	পরবর্তী মাসের ২০ তারিখ	সিম/রিম ব্যবহারের মাধ্যমে প্রদত্ত সেবার বিপরীতে আদায়কৃত সম্পূরক শুল্কের তথ্য জাতীয় রাজস্ব বোর্ডে নিয়মিত প্রেরণ করা হয়। সিম বিক্রয়ের পরিমাণ হ্রাস পাওয়ায় সিম বিক্রয় হতে রাজস্ব আদায় কম হয়েছে। সার্বিকভাবে মোবাইল খাতে গত বছরের তুলনায় রাজস্ব বৃদ্ধি পেয়েছে ২৫৯.৭৫ কোটি টাকা বা ১০.৬৩%।
1১. ব্যাংক হিসাবের উপর প্রদত্ত আবগারী শুল্ক	ব্যাংক হিসাবের উপর প্রযোজ্য আবগারী শুল্কের বিবরণ (ব্যাংকের নাম, হিসাব সংখ্যা ও রাজস্ব)	২০ আগস্ট	ফেব্রুয়ারি/১৭ পর্যন্ত আবগারী শুল্ক আদায়ের পরিমাণ ৭৯৮.১৩ কোটি টাকা। সার্বিকভাবে ব্যাংকিং খাতে ফেব্রুয়ারি/১৭ পর্যন্ত রাজস্ব আদায়ের পরিমাণ ১৪৫৩.০৬ কোটি টাকা যা বিগত বছরের তুলনায় ১২.৬১% বেশী।
১৪. মূসক অব্যাহতি প্রত্যাহার করা হয়েছে এমন প্রতিষ্ঠানের তালিকা ও রাজস্ব তথ্য।	পাউরুটি, বনরুটি, হাতে তৈরি কেক, বিস্কুট ইত্যাদি ক্ষেত্রে ট্যারিফ মূল্য নির্ধারণ করায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুতপূর্বক মূসক আদায় নিশ্চিত করা।	পরবর্তী মাসের ২০ তারিখ	এ বিষয়ে প্রতি মাসে পর্যালোচনাসহ জাতীয় রাজস্ব বোর্ডে তথ্য প্রেরণ করা হয়। মূসক অব্যাহতি প্রত্যাহার করায় ফেব্রুয়ারি/১৭ মাস পর্যন্ত এ খাতে রাজস্ব আদায় হয়েছে 0.৫৪ কোটি টাকা।
(গ) ১. ঝুকিপূর্ণ প্রতিষ্ঠান	ঝুকিপূর্ণ করদাতা প্রতিষ্ঠানের তালিকা এবং তাদের বিরুদ্ধে গৃহীতব্য কর্ম পরিকল্পনা তৈরী।	২৫ আগস্ট	ঝুঁকিপূর্ণ প্রতিষ্ঠানের তালিকা করা হয়েছে এবং উক্ত ঝুঁকিপূর্ণ প্রতিষ্ঠানসমূহের সংশ্লিষ্ট প্রযোজ্য মূসক আদায়ের লক্ষ্যে প্রণীত কর্মকৌশল অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহন করা হচ্ছে।

বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP)

চলমান-4

দ্বিতীয় অংশ : ১। প্রশাসনিক :

কৌশলগত লক্ষ্য	BIP তে উল্লিখিত কার্যক্রম	বাস্তবায়নের সময়কাল	গৃহীত কার্যক্রম ও ফলাফল (ফেব্রুয়ারি'1৭ পর্যন্ত)
২. অফিস পরিদর্শন	কমিশনারসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক প্রতি মাসে অন্তত এক বার কমিশনারেট হেড কোয়ার্টারের বিভিন্ন শাখা এবং মাঠ পর্যায়ের বিভাগীয় অফিস ও সার্কেল অফিস নিয়মিত পরিদর্শন করা।	মাসিক প্রতিবেদন প্রতি মাসের ৫ তারিখ	বৃহৎ করদাতা ইউনিট, মূসক দপ্তর ৬টি বিভাগ এর সমন্বয়ে গঠিত। বিভাগগুলোর কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য এ দপ্তরের অতিরিক্ত কমিশনার (বিভাগ-২, ৪ ও ৬) ও যুগ্ম কমিশনার (বিভাগ-১, ৩ ও ৫) নিয়মিত তদারক করেন। এছাড়া উর্ধ্বতন কর্মকর্তা কর্তৃক সদর দপ্তরের বিভিন্ন শাখা নিয়মিত মনিটরিং করা হয়।
৩. কর্মকর্তাদের প্রশিক্ষণ।	অফিস প্রসিডিউর, মূসক আইন ও বিধিমালার বিধানাবলী, নিরীক্ষা, দাখিলপত্র পরীক্ষা, মূল্য ঘোষণা ও রেয়াত যাচাই, স্পট এ্যাসেসমেন্ট ইত্যাদি সম্পর্কে নিয়মিত প্রতি মাসে ইন-হাউস ট্রেনিং প্রদান।	৩০ অক্টোবর	এ দপ্তরে কর্মরত ০১/০৮/২০১৬ থেকে ০২/০৮/২০১৬ খ্রি: তারিখ পর্যন্ত "হিসাব পুস্তক সংরক্ষণ, উৎসে কর কর্তন ও মূসক নিরীক্ষ" বিষয়ক ইনহাউস প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। ২৪/০৯/২০১৬ খ্রি: তারিখে দাখিলপত্র পরীক্ষা সংক্রান্ত কলাকৌশল বিষয়ে ইনহাউস প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। এছাড়া গত ০১, ০২ ও ১১ মার্চ ২০১৭ খ্রি: তারিখে রিলিজ-১ (নিবন্ধন) এর উপর ভ্যাট অনলাইন কর্তৃক অপারেশনাল প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
4. উদ্বুদ্ধকরণ কর্মসূচী	VAT Online এর সাথে যোগাযোগপূর্বক কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন	পরবর্তী মাসের ২০ তারিখ	করদাতা উদ্বুদ্ধকরণ কর্মসূচী বাস্তবায়ন প্রক্রিয়া চলমান আছে। ইতোমধ্যে আইবাস সিস্টেমের ইউজার এক্সেপটেন্স টেস্ট সম্পন্ন করা হয়েছে।
5. নিয়মিত রাজস্ব আদায় পর্যালোচনা সভা	কমিশনারেট/বিভাগীয় দপ্তর/সার্কেল দপ্তর পর্যায়ে নিয়মিত রাজস্ব পর্যালোচনা সভা অনুষ্ঠান নিশ্চিত করা।	প্রতি মাসের ২০ তারিখ	এ দপ্তরের রাজস্ব পর্যালোচনা সভা যথাসময়ে অনুষ্ঠিত হচ্ছে। প্রতি মাসের রাজস্ব পর্যালোচনা সভার কার্যবিবরণী জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করা হচ্ছে।

বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP)

চলমান-5

BIP এর কৌশলগত লক্ষ্য	BIP তে উল্লিখিত কার্যক্রম	বাস্তবায়নের সময়কাল	গৃহীত কার্যক্রম ও ফলাফল (ফেব্রুয়ারি'1৭ পর্যন্ত)
৬. যথাযথ হিসাব কোডে রাজস্ব জমা প্রদান এবং প্রমাণপত্র ভিত্তিক রাজস্ব আদায় তথ্য সরবরাহ।	ট্রেজারী চালানের ক্ষেত্রে সঠিক হিসাবের কোড ব্যবহার করা হয়েছে কি-না এবং উক্ত ট্রেজারী চালান/ এ্যাকাউন্টস অফিসের সনদ এর বিপরীতে রাজস্ব আদায়ের তথ্য প্রদান করা হয়েছে কি-না এ বিষয়টি পরীক্ষা করে নিশ্চিত করতে হবে।	পরবর্তী মাসের ১৫ তারিখে তথ্য জারাবোতে প্রেরণ	এ বিষয়ে প্রতি মাসে পর্যালোচনাসহ জাতীয় রাজস্ব বোর্ডে তথ্য প্রেরণ করা হয়। ২০১৬-১৭ অর্থবছরের ডিসেম্বর পর্যন্ত সময়ের সকল ট্রেজারী চালান অনলাইনে যাচাই করা হয়েছে। সিজিএ এর সাথে এ দপ্তরের প্রদর্শিত রাজস্বের মধ্যে কোন পার্থক্য পরিলক্ষিত হয়নি।
৭. ইউনিট প্রোফাইল প্রস্তুতকরণ ও তথ্য হালনাগাদকরণ।	দাপ্তরিক কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের উদ্দেশ্যে মাঠ পর্যায়ে প্রত্যেক নিবন্ধিত প্রতিষ্ঠানের নামে বোর্ড কর্তৃক প্রদত্ত ছকে ইউনিট প্রোফাইল প্রস্তুতকরণ ও হালনাগাদ করতে হবে।	পরবর্তী মাসের 10 তারিখ	হালনাগাদের কার্যক্রম চলমান।
8. অধিক রাজস্ব প্রদানকারী প্রতিষ্ঠানের নিবিড় পরিবীক্ষণ	মাসিক ৫ (পাঁচ) লক্ষ টাকা বা এর অধিক বা প্রধান প্রধান রাজস্ব প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা এবং পূর্ববর্তী অর্থবছরের রাজস্ব আদায়ের বিপরীতে মাসভিত্তিক রাজস্ব আদায়ের তুলনামূলক বিবরণী প্রণয়ন।	২৫ আগস্ট	এ বিষয়ে প্রতি মাসে পর্যালোচনাসহ জাতীয় রাজস্ব বোর্ডে তথ্য প্রেরণ করা হয়।
৯. তুলনামুলক কম রাজস্ব প্রদানকারী প্রতিষ্ঠান মনিটরিং।	প্যাকেজ ভ্যাট প্রতিষ্ঠানসহ কম রাজস্ব প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের চলতি অর্থবছরের পরিস্থিতি পর্যালোচনাপূর্বক যথাযথ রাজস্ব আদায় ও তথ্য প্রেরণ।	প্রতি মাসের ২৫ তারিখ	বৃহৎ ৫০টি প্রতিষ্ঠানের রাজস্ব তথ্য পর্যালোচনা করা হয় এবং তুলনামুলক কম রাজস্ব প্রদানকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়।

বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP)

চলমান-6

দ্বিতীয় অংশ : ২। রাজস্ব সংক্রান্ত ক) পণ্য খাত :-

BIP এর কৌশলগত লক্ষ্য	BIP তে উল্লিখিত কার্যক্রম	বাস্তবায়নের সময়কাল	গৃহীত কার্যক্রম ও ফলাফল (ফেব্রুয়ারি'1৭ পর্যন্ত)
১. সিগারেট, বিড়ি ও তামাক জাতীয় পণ্যের রাজস্ব বৃদ্ধি	বিড়ি, সিগারেট, জর্দ্দা, গুলসহ তামাক জাতীয় পণ্যের ক্ষেত্রে ধার্যকৃত প্রবৃদ্ধি অনুযায়ী রাজস্ব আদায় নিশ্চিত করা ও জাতীয় রাজস্ব বোর্ডে প্রতিবেদন প্রেরণ করতে হবে।	পরবর্তী মাসের 1৫ তারিখ	উৎপাদন ও সরবরাহ যথাযথভাবে মনিটর করার লক্ষ্যে এসআরও এর বিধান অনুযায়ী কারখানায় সার্বক্ষণিকভাবে সহকারী রাজস্ব কর্মকর্তা ও সিপাই পদস্থ করা হয়েছে। এছাড়া, নিয়মিতভাবে বিভাগীয় কর্মকর্তা প্রতিদিনের উৎপাদন, সরবরাহ ও রাজস্ব তথ্য সংগ্রহ করে মোবাইল এসএমএস এর মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করছেন।
২. নিয়মিত দাখিলপত্র প্রদানের হার বৃদ্ধি ও দাখিলপত্র পরীক্ষা	যে সব প্রতিষ্ঠানের ক্ষেত্রে দাখিলপত্র দাখিলের বাধ্যবাধকতা রয়েছে তারা যেন নিয়মিত মাসিক দাখিলপত্র (মূসক-১৯) স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিল করে সে ব্যাপারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা এবং দাখিল পত্র যাচাইপূর্বক প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করতে হবে।	পরবর্তী মাসের ২0 তারিখ	এ দপ্তরের মোট প্রতিষ্ঠানের সংখ্যা ১৭০টি। দাখিলপত্র প্রদানের হার ৯২.৩৫%। ১৩টি প্রতিষ্ঠান বন্ধ বা একীভূত হয়েছে।

বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP)

চলমান-৭

দ্বিতীয় অংশ : ২। রাজস্ব সংক্রান্ত খ) সেবা খাত :-

BIP এর কৌশলগত লক্ষ্য	BIP তে উল্লিখিত কার্যক্রম	বাস্তবায়নের সময়কাল	গৃহীত কার্যক্রম ও ফলাফল (ফেব্রুয়ারি'1৭ পর্যন্ত)
২. উৎসে কর্তিত মূসক আদায়	বার্ষিক ১ (এক) কোটি টাকার উপর টার্ণওভার আছে এরূপ ব্যক্তি মালিকানাধীন/অংশীদারী প্রতিষ্ঠানসহ মোট ১০ ধরণের উৎসে কর্তনকারী প্রতিষ্ঠান হতে জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৩/মূসক/২০১৪, তারিখঃ ০৫-০৬-১৪ খ্রিঃ মোতাবেক উৎসে কর্তিত মূসকের বিবরণী প্রস্তুত ও জারাবোতে মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।	পরবর্তী মাসের 1৫ তারিখ	এ দপ্তরের সকল প্রতিষ্ঠানের বার্ষিক টার্ণওভার ১ কোটি টাকার উপরে।
৩. উৎসে কর্তিত মূসক আদায়	উৎসে কর্তনকারী প্রতিষ্ঠানের নাম-ঠিকানা, প্রধান নির্বাহীর নাম ও টেলিফোন নম্বরসহ হালনাগাদ তালিকা প্রণয়ন করতে হবে।	পরবর্তী মাসের 1৫ তারিখ	উৎসে কর্তনকারী প্রতিষ্ঠানের নাম-ঠিকানা, প্রধান নির্বাহীর নাম ও টেলিফোন নম্বরসহ সংরক্ষণ করা আছে।
দ্বিতীয় অংশ : ৩। সামগ্রিক কর্মকৌশল :			
৩. নতুনভাবে আরোপিত মূসক, সম্পূরক শুল্ক ও সারচার্জ আদায়	নতুনভাবে যে সকল পণ্য/সেবা খাতে মূসক, সম্পূরক শুল্ক ও সারচার্জ আরোপ করা হয়েছে সে সকল খাতকে বিশেষ নজরদারির মাধ্যমে রাজস্ব আদায় নিশ্চিত করতে হবে।	পরবর্তী মাসের ২০ তারিখ	এ বিষয়ে প্রতি মাসে পর্যালোচনাসহ জাতীয় রাজস্ব বোর্ডের পরিসংখ্যান ও মনিটরিং শাখায় নিয়মিতভাবে তথ্য প্রেরণ করা হয়।

বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP)

নিরীক্ষা কার্যক্রম

BIP এর কৌশলগত লক্ষ্য	BIP তে উল্লিখিত কার্যক্রম	বাস্তবায়নের সময়কাল	গৃহীত কার্যক্রম ও ফলাফল (ফেব্রুয়ারি'1৭ পর্যন্ত)
১. নিরীক্ষা পরিকল্পনা	আগামী ২০১৬-১৭ অর্থবছরের মূল্য সংযোজন কর প্রদানকারী অন্যান্য প্রতিষ্ঠানের নিরীক্ষা পরিকল্পনা প্রণয়ন করতে হবে।	২৫ আগস্ট	রিস্ক ম্যানেজমেন্টের ভিত্তিতে ২০১৬-১৭ অর্থবছরে এ দপ্তরের ঝুঁকিপূর্ণ প্রতিষ্ঠানের মধ্যে 2৬টি প্রতিষ্ঠানের নিরীক্ষা কার্যক্রমের আদেশ প্রদান করা হয়েছে। ইতোমধ্যে ৫টি প্রতিষ্ঠানের নিরীক্ষা কার্যক্রম সম্পন্নপূর্বক ৬টি প্রাথমিক নিরীক্ষা প্রতিবেদন দাখিল করা হয়েছে যাতে উদ্ঘাটিত রাজস্বের পরিমাণ 11.42 কোটি টাকা। ৬টি প্রাথমিক নিরীক্ষা প্রতিবেদনের মধ্যে ৩টি প্রতিষ্ঠানের নিরীক্ষা প্রতিবেদন চূড়ান্ত করা হয়েছে যাতে জড়িত রাজস্বের পরিমাণ ৪.৫৮ কোটি টাকা যা প্রতিষ্ঠানের সাথে আলোচনা করা হলে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ সরকারি কোষাগারে উক্ত টাকা জমা করবে বলে সম্মতি জানায়। এছাড়া ১টি প্রতিষ্ঠানের প্রাথমিক নিরীক্ষা প্রতিবেদন তৈরির কাজ শেষ হয়েছে। ৩টি প্রতিষ্ঠানের প্রায় ৫০% নিরীক্ষা কাজ সম্পন্ন হয়েছে। বাকী প্রতিষ্ঠানগুলো নিরীক্ষার নিমিত্তে তথ্য চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে।
৪. বকেয়া রাজস্ব আদায়	নিরঙ্কুশ চূড়ান্ত বকেয়া রাজস্ব আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	৩০ অক্টোবর	চলতি অর্থবছরের ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত বকেয়া রাজস্ব আদায়ের পরিমাণ ১৩.৩৯ কোটি টাকা। নিরংকুশ বকেয়া রাজস্ব আদায় এর বিষয়ে নির্ধারিত সময়ে জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ১৩/মূসক/২০০৬ অনুযায়ী তালিকা প্রস্তুত ও মূল্য সংযোজন কর আইন ও বিধি অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।
৮. বন্ধ প্রতিষ্ঠানের কার্যক্রম গ্রহণ	বন্ধ প্রতিষ্ঠানের উপকরণ ও তৈরি পণ্যের মজুদ যথাসময়ে লিপিবদ্ধকরণ ও বন্ধ প্রতিষ্ঠানের কার্যক্রম ও অস্তিত্ব যাচাইপূর্বক আইনি ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরবর্তী মাসের ৭ তারিখ	এ দপ্তরের 13 টি প্রতিষ্ঠান বন্ধ আছে। বন্ধ প্রতিষ্ঠানের বিষয় কোন মামলা/নিরীক্ষা কার্যক্রম চলমান কিনা তা যাচাইবছাই করে প্রতিবেদন দেয়ার জন্য বিভগীয় কর্মকর্তাদেরকে বলা হয়েছে।

বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP) চলমান-৯

গ) মামলা নিষ্পত্তি :

কৌশলগত লক্ষ্য	BIP তে উল্লিখিত কার্যক্রম	বাস্তবায়নের সময়কাল	গৃহীত কার্যক্রম ও ফলাফল (ফেব্রুয়ারি’17 পর্যন্ত)
১. মামলা নিষ্পত্তি	প্রতি তিন মাসের মধ্যে ১০% মামলা নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ।	৩০ সেপ্টেম্বর/১৬	২১টি রায় আদেশের কপি সংগ্রহ করা হয়েছে। ৪৫টি প্যারাওয়াইজ জবাব পাঠানো হয়েছে। ৩৮টি কারণ দর্শানো নোটিশ জারি [55(১)], ৩১টি চূড়ান্ত দাবীনামা জারি [55(3)], ১০৫টি মামলার শুনানী গ্রহণ করা হয়েছে। কমিশনার কর্তৃক জারিকৃত বিচারাদেশ ৯টি।
৩. আকস্মিক পরিদর্শন।	ভ্যাট আইন, ১৯৯১ এর ধারা ২৬ এর বিধান মোতাবেক করদাতার উৎপাদন/সরবরাহ বা সেবা প্রদানস্থল আকস্মিক পরিদর্শন করতে হবে।	পরবর্তী মাসের ২০ তারিখ	দৈনিক জাতীয় অর্থনীতি পত্রিকায় ‘শত কোটি টাকা রাজস্ব ফাঁকি দিচ্ছে সিঙ্গার’ শিরোনামে প্রকাশিত সংবাদের পরিপ্রেক্ষিতে কমিশনার মহোদয় কর্তৃক ধারা-26 এ ক্ষমতাপ্রাপ্ত হয়ে গত 08/02/২০17 খ্রিঃ তারিখে এ দপ্তরের অতিরিক্ত কমিশনার জনাব মোঃ কামরুজজামান এর নেতৃত্বে সিঙ্গার বাংলাদেশ লিঃ এর কারখানা এবং প্রধান কার্যালয় একযোগে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রতিষ্ঠানটির মূসক সংক্রান্ত দলিলাদি গরমিল থাকায় কারখানা/পণ্যাগার হতে বাণিজ্যিক দলিলাদি জব্দ করা হয়।
৪. বিকল্প বিরোধ নিষ্পত্তি (ADR) কার্যকর করার ব্যবস্থা গ্রহণ এবং বোর্ডে প্রতিবেদন প্রেরণ।	মহামান্য হাইকোর্টে বিচারাধীন মামলা সমূহের মধ্যে মেরিট ভিত্তিক মামলা তুলে নিয়ে ADR Facilitator এর মাধ্যমে বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থার মাধ্যমে নিষ্পত্তি mobilize করতে হবে।	পরবর্তী মাসের ১০ তারিখ	বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর দপ্তরে বিকল্প বিরোধ নিষ্পত্তি বিষয়ক মোট ৭টি সভার আয়োজন করা হয়। উক্ত সভার মাধ্যমে সেভেন সার্কেল বাংলাদেশ লি: এর ৫টি মামলা নিষ্পত্তি করা হয়। উক্ত মামলাসমূহ হতে মোট ৬.৪০ কোটি টাকা আদায় করা হয়েছে। ২০১৫-১৬ অর্থবছরে ৪টি মামলা ADR-এর মাধ্যমে নিষ্পত্তির প্রক্রিয়া অব্যাহত রয়েছে এবং ২০১৬-১৭ অর্থবছরে ৬টি মামলা ADR-এর মাধ্যমে নিষ্পত্তির আবেদন করা হয়েছে। এলএম এরিকসন লি: কর্তৃক ১টি মামলা (জড়িত রাজস্বের পরিমাণ ১২.৭৯ কোটি টাকা) ADR-এর মাধ্যমে নিষ্পত্তির জন্য আবেদন করা হয়েছে। এছাড়া, ব্যাংকিং খাতের ১২টি মামলা (জড়িত রাজস্বের পরিমাণ ১৯০ কোটি টাকা) ও সিমেন্ট খাতের ১৫টি মামলা (জড়িত রাজস্বের পরিমাণ ৮৭ কোটি টাকা) ADR-এর মাধ্যমে নিষ্পত্তির জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে।